

স্বাধীনতা

সৈয়দা মাহছুদা রহমান

স্বাধীনতা তুমি কার?
স্বাধীনতা পুত্রহারা মায়ের অসহায় হাহাকার
স্বাধীনতা তুমি রক্তে রাঙ্গা বিদেশী আত্মার
তোমারে করিছে, কলঙ্কিত ওরা, ঐ দুর্ধর্ষ ডাকাতেরা।
স্বাধীনতা তুমি বিধবার হা নিঃশ্বাস,
পিতাহারা শিশুর আকুল আকুতি
তুমি বাঙ্গালীর শতবর্ষের বিশ্বাস।
সদা ভয় হয় তোমাকে হারাই
তাই আমাদের বুকে লুকানো দীর্ঘশ্বাস,
হারানোর ব্যথা যেন বুকে নাই বাজে
শতবর্ষ ধরে টিকে থাকো আমাদের মাঝে।

বাংলাদেশ